

এনএসওইউ পড়ুয়াদের জন্য চালু ওয়েব রেডিও ‘মুক্তক’

মলয় সিন্হা

সম্প্রতি নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (এনএসওইউ) তাদের পড়ুয়াদের অনলাইন মাধ্যমে শিক্ষা প্রদানের জন্য ইন্টারনেট রেডিও ‘মুক্তক’ চালু করেছে। ইন্টারনেট রেডিও ‘মুক্তক’ নিয়ে এনএসওইউ-এর অধ্যাপক অনির্বাণ ঘোষ জানালেন, ‘বিশ্ববিদ্যালয় সম্প্রতি ওয়েব-রেডিও ‘মুক্তক’ শুরু করেছে। এর মাধ্যমে খুব সহজেই পড়ুয়াদের কাছে পৌঁছানো যাবে। যেখানে লো ব্যান্ডউইথ, ইন্টারনেট খুব দ্রুত নয়, সে সব জায়গাতে আমাদের শিক্ষার্থীরা বিভিন্ন বিষয়ে লেকচার শুনতে পাবেন। আমাদের ওয়েব টিভিও আছে।’

করোনা পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় পড়ুয়াদের সুবিধার জন্য বিভিন্ন বিষয়ে অডিও লেকচার শুনতে পারবে ওয়েব রেডিওতে। এনএসওইউ-এর ওয়েব রেডিওতে প্রচারিত বিষয়বস্তু তৈরির জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা বিভিন্ন বিষয় ভিত্তিক আলোচনা রেকর্ড করছেন। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা ও গণজ্ঞাপন বিভাগের

সহকারী অধ্যাপক অরিজিৎ ঘোষ জানালেন, ‘পড়ুয়াদের সুবিধার জন্য পশ্চিমবঙ্গের এই প্রথম কোনও শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েব রেডিও চালু হয়েছে। ইন্টারনেট রেডিও মানসম্মত ইন্টারনেট ভিত্তিক শিক্ষার প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বিশ্বের যে কোনও প্রান্ত থেকে শোনা যাবে। পরিস্থিতি স্বাভাবিক হলেও, পড়ুয়াদের সুবিধার জন্য ওয়েব রেডিও চালু থাকবে।’

